

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) তিন দফা দাবিতে অবস্থান কর্মসূচি পালন করছেন শিক্ষার্থী সজল কুণ্ডু। সোমবার ছিল এই ক্ষেত্রের সামনে প্ল্যাকার্ড হাতে অবস্থান করছেন তিনি। ১৬ জানুয়ারি শাবির আবাসিক ছাত্রী হল বেগম সিরাজুন্নেসা চৌধুরী হলের প্রভোস্টের পাশে আহত হয়েছিলেন।

সজলের দাবিগুলো

হলো-বর্তমান ও  
সাবেক শিক্ষার্থীদের  
নামে করা মামলা  
প্রত্যাহার, শিক্ষার্থীদের  
দেওয়া প্রতিশ্রুতি  
বাস্তবায়ন এবং  
অন্যায়ভাবে কেড়ে  
নেওয়া কর্মসংস্থান  
ফিরিয়ে দিতে হবে।

আন্দোলনের আগে  
থেকে বিশ্ববিদ্যালয়ের  
ড. এমএ ওয়াজেদ  
মিয়া আইআইসিটি

ভবনের ক্যাফেটেরিয়া পরিচালনা করতেন সজল। তার দাবির প্রেক্ষিতে সজল বলেন, আমার বাঁচার সম্বল ছিল আইআইসিটির ক্যাফেটেরিয়াটি। অক্ষয় কিস্তি আন্দোলন-পরবর্তী সময়ে বিভিন্ন নিয়ম দেখিয়ে আমার কাছ থেকে ক্যাফেটেরিয়া পরিচালনার দায়িত্ব নিয়ে নেওয়া হয়।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে পুলিশি হামলার শিকার হয়ে আইসিইউতে ছিলাম। আমার শরীরে প্রায় ৮৩টি স্প্লিন্টুর বিদ্ধ হয়। আমার চিকিৎসা অপারেশন-পরবর্তী চিকিৎসার ব্যাপারে আর কোনো যোগাযোগ করা হয়নি। উলটো আমি যে ক্যাফেটেরিয়া পরিচালনা করতাম সেটা বন্ধ করে দেব।

1  
Shares